

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৪২

كتاب الحج) रङ्ज (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৬৯. কাবা গৃহ ভেঙ্গে ফেলা ও তার পুনর্নির্মাণ করা।

نقض الكعبة وبنائها

আরবী

حديث عَائِشَةَ، زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ وَوْمَكِ لَمَّا بَنَوُا الْكَعْبَةَ اقْتَصَرُوا عَنْ قَوَاعِدِ إِبْرَاهِيمَ فَقُلْتُ: يَا رَسُولَ اللهِ أَلاَ تَرُدُّهَا عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ قَالَ: لَوْلاَ حِدْثَانُ قَوْمِكِ بِالْكَفْرِ لَفَعَلْتُ اللهِ أَلاَ تَرُدُّهَا عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ قَالَ: لَوْلاَ حِدْثَانُ قَوْمِكِ بِالْكَفْرِ لَفَعَلْتُ فَقَالَ عَبْدُ اللهِ رَضِي الله عنه (هُوَ ابْنُ عُمَرَ) : لَئِنْ كَانَتْ عَائِشَةُ سَمِعَتْ هذَا مِنْ رَسُولِ فَقَالَ عَبْدُ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا أُرَى رَسُولَ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَكَ اسْتِلاَمَ الرَّكْنَيْنِ اللّهَ عَلَيْهِ وَسَلَّمَ مَا أُرَى رَسُولَ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَكَ اسْتِلاَمَ الرَّكْنَيْنِ اللّهَ عَلَيْهِ وَسَلَّمَ مَا أُرَى رَسُولَ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَكَ اسْتِلاَمَ الرَّكْنَيْنِ اللّهَ عَلَيْهِ وَسَلَّمَ مَا أَرَى رَسُولَ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَكَ اسْتِلاَمَ الْرَّكُنَيْنِ اللّهَ يُنْ اللّهَ عَلَيْهِ وَالْعَدِ إِبْرَاهِيمَ اللّهُ عَلَيْهِ إِلْمَاهِيمَ

বাংলা

৮৪২. 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেনঃ তুমি কি জানো না! তোমার কওম যখন কা'বা ঘরের পুনর্নির্মাণ করেছিল তখন ইব্রাহীম (আঃ) কর্তৃক কাবা ঘরের মূল ভিত্তি হতে তা সঙ্কুচিত করেছিল। আমি বললাম, হে আল্লাহর রাসূল! আপনি কি একে ইবরাহীমী ভিত্তির উপর পুনঃস্থাপন করবেন না? তিনি বললেনঃ যদি তোমার সম্প্রদায়ের যুগ কুফরীর নিকটবর্তী না হত তা হলে অবশ্য আমি তা করতাম। আবদুল্লাহ (ইবনু উমর) (রাঃ) বলেন, যদি আয়িশাহ্ (রাঃ) নিশ্চিতরূপে তা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনে থাকেন, তাহলে আমার মনে হয় যে, বায়তুল্লাহ হাতীমের দিক দিয়ে সম্পূর্ণ ইবরাহিমী ভিত্তির উপর নির্মিত না হবার কারণেই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তওয়াফের সময়) হাতীম সংলগ্ধ দু'টি কোণ স্পর্শ করতেন না।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ : হাজ্জ, অধ্যায় ৪২, হাঃ ১৫৮৩; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ৬৯, হাঃ ১৩৩৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন